


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
আইইবি ভবন (১০ম ও ১১তম তলা), রমনা, ঢাকা  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) দেশের নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন-প্রসার, জ্বালানির দক্ষ ব্যবহার ও উন্নয়ন, জ্বালানি সাশ্রয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ এবং নতুন সম্ভাবনাময় টেকসই জ্বালানির ক্রমাগত অনুসন্ধানে সরকার কর্তৃক সৃষ্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা। টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করার জন্য স্রেডা কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণের অংশ হিসেবে স্রেডায় ইন্টার্নশিপ প্রোগ্রাম চলমান রয়েছে। এ লক্ষ্যে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলীর ভিত্তিতে ৮ম ব্যাচে (১৮ মে -১৭ আগস্ট, ২০২৬) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

যোগ্যতা	আবেদনের পদ্ধতি ও শর্তাবলী
<p>১) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;</p> <p>২) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা নবায়নযোগ্য জ্বালানি বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;</p> <p>৩) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে;</p> <p>৪) আবেদন ফরমের লিংক: <a href="https://forms.gle/vJ2qJRAu3oTiTfLX8">https://forms.gle/vJ2qJRAu3oTiTfLX8</a></p> <p>৫) আগামী ২৩/০৪/২০২৬ তারিখ সকাল ১০.০০ টা হতে ০৭/০৫/২০২৬ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।</p> <p>৬) Online Application Form- এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ২২/০৪/২০২৬ তারিখ বা তৎপূর্বে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রির ফলাফল প্রকাশিত হয়েছে তারা আবেদনের যোগ্য হবেন। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষা সম্পন্নের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে</p> <p>৭) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের ইন্টার্নশিপ প্রোগ্রামে ইন্টার্ন নির্বাচনের লক্ষ্যে প্রিলিমিনারি পরীক্ষা আগামী ১১/০৫/২০২৬ খ্রি: অনলাইনে গ্রহণ করা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৩ মে ২০২৬ তারিখে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর দপ্তর, আইইবি ভবন (লেবেল-১০), রমনা, ঢাকায় গ্রহণ করা হবে।</p>	<ul style="list-style-type: none"><li>আগ্রহী প্রার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে অনাপত্তি সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে স্রেডা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তি ও আবেদন ফরমের লিংক স্রেডা'র ওয়েবসাইটে (<a href="http://sreda.gov.bd/">http://sreda.gov.bd/</a>) পাওয়া যাবে।</li><li>প্রোগ্রামের মেয়াদ ০৩ (তিন) মাস [১৮ মে -১৭ আগস্ট, ২০২৬]।</li><li>প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।</li><li>চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ইমেইল অবহিত করা হবে।</li><li>পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের টিএ/ডিএ প্রদান করা হবে না।</li><li>নিয়মিত কর্মসম্পাদন ও এক্সপোজার ডিজিট এর জন্য ইন্টার্নদের মাসিক জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাতা প্রদান করা হবে।</li><li>ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।</li><li>ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।</li><li>কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো/অবহিতকরণ ব্যতিরেকে ইন্টার্নশিপ কার্যক্রম বাতিল, পরিবর্তন, পরিবর্ধন, স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।</li></ul>



চৌধুরী মোঃ হামিদ আল মাহবুব  
সদস্য (যুগ্মসচিব), প্রশাসন  
ফোন: ০২-৫৫১১০৩৩৬

ই-মেইল: [member.admin@sreda.gov.bd](mailto:member.admin@sreda.gov.bd)